**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**17 DECEMBER 2024** **7:35AM IST**

==========================================================================

কাছাড় জেলাকে উন্নয়নের শিখরে নিয়ে যেতে সঠিক পরিকল্পনা ও দৃঢ় সহযোগিতার মাধ্যমে আমরা একটি সমৃদ্ধ ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছি বলে রাজ্যের ক্রীড়া, যুবকল্যাণ ও সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রী নন্দিতা গারলোসা মন্তব্য করেছেন । গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত একটি পর্যালোচনা সভায় পৌরহিত্য করে মন্ত্রী শ্রীমতি গারলোসা শিলচরের ঐতিহ্যবাহী আবর্ত ভবন সংস্কারের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন ।

সভায় রাজ্য সরকারের পরিকাঠামো উন্নয়ন ও ক্রীড়াক্ষেত্রের নতুন দিশা নির্ধারণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এবং উন্নয়ন পরিকল্পনা নিয়ে পর্যালোচনা করা হয় । এছাড়া শিলচরে সমন্বিত জেলা আয়ুক্তের কার্যালয়ের নির্মাণ প্রকল্পের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয়েছে । ক্রীড়াক্ষেত্রে কাছাড় জেলার নতুন সম্ভাবনার বিষয় তুলে ধরতে- লক্ষ্মীপুরে একটি ইন্ডোর স্পোর্টস স্টেডিয়াম নির্মাণ এবং ধলাই বিধানসভা এলাকার ধোয়ারবন্দে একটি মিনি স্টেডিয়াম তৈরির পরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।

মন্ত্রী শ্রীমতি গারলোসা সভায় আরো জানান যে- কাছাড় জেলার উন্নয়ন ও পরিকাঠামো সংস্কারের প্রকল্পগুলিকে এমনভাবে প্রস্তুত করা হয়েছে যাতে অতীত ঐতিহ্যকে বজায় রেখে ভবিষ্যত প্রজন্মের স্বপ্ন পূরণ করা সম্ভব হয় । জেলার বেশকিছু উন্নয়নমূলক কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে মন্ত্রী শ্রীমতি গারলোসা সংশ্লিষ্ট আধিকারীকদের নির্দেশ দিয়েছেন ।

---

রাজ্যের খাদ্য ,গণবন্টন , বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই গতকাল শ্রীভূমি জেলা শহরের নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আনুষ্ঠানিকভাবে মাইক্র ফাইনান্স ইন্সেনটিভ , রিলিফ ডিবিটি এবং সিড ক্যাপিটালের অনুদান প্রদান করেছেন । জেলার ভারপ্রাপ্ত আয়ুক্ত দীপক জিডুং-এর পৌরহিত্যে আয়োজিত সভায় মন্ত্রী শ্রী রাই রাজ্য সরকারের উন্নয়নমূলক প্রকল্পের সফল বাস্তবায়ন নিয়ে বক্তব্য রাখেন । সভায় মাইক্র ফাইনান্সের ঋণ মুকুব হিসেবে মন্ত্রী তিন হাজার চারশ ২৫ জনকে নো ডিউস সার্টিফিকেট প্রদান করেন । এছাড়া সভায় বিধায়ক বিজয় মালাকার , সিদ্দেক আহমেদ , শ্রীভূমি পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , উন্নয়ন কর্তৃপক্ষের সভাপতি সুব্রত সাহা , রামকৃষ্ণনগর পৌরসভার সভানেত্রী প্রতিমা নাথ , বিজেপির জেলা সভাপতি সুব্রত ভট্ট াচার্য্য প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

সরকার উন্নয়নের ক্ষেত্রে সবাইকে সমান গুরুত্ব প্রদান করছে বলে রাজ্যের পশু পালন , মৎস্য ও লোক নির্মান বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল মন্তব্য করেছেন । গতকাল হাইলাকান্দি জেলার বোয়ালিপারের ডক্টর শশীভূষন ইনষ্টিটিউট অব এডুকেশন প্রাঙ্গনে আয়োজিত সভায় বন্যায় ক্ষতিগ্রস্থ ১৯ হাজার ৮০৯ জনকে , ৯ কোটী ৬৮ লক্ষ ৯৫ হাজার ৭৭৮ টাকা সরাসরি ব্যাঙ্কে হস্তান্তর করে মন্ত্রী শ্রী পাল একথা বলেন । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমের পৌরহিত্যে আয়োজিত সভায় মন্ত্রী শ্রী পাল মাইক্র ফাইনান্সের ৫৮৩ জনের হাতে নো ডিউস সার্টিফিকেট এবং ৪০টি আত্ম-সহায়ক গোষ্টীর মধ্যে ৪০ হাজার টাকা করে সিড ক্যাপিটেল বন্টন করেছেন । সভায় বিজেপির জেলা সভাপতি স্বপন ভট্টাচার্য্য , মুন স্বর্নকার , জামাল উদ্দিন চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

রাজ্যের বেসরকারী বিদ্যালয়গুলিতে শিক্ষার অধিকার আইন অনুসারে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ করার জন্যে গ্রহণ করা পদক্ষেপের অংশ হিসেবে গতকাল রাজ্যের শিক্ষা বিভাগ একটি পোর্টাল চালু করেছে । সংশ্লিষ্ট পোর্টালে বিদ্যালয় সমূহের পঞ্জীয়ন নিশ্চিত করতে বিদ্যালয়ের পরিদর্শক ও জেলা শিক্ষা আধিকারিককে গুয়াহাটী হাইকোর্টের পক্ষ থেকে নির্দেশ দেওয়া হয়েছে । উল্লেখ্য- শিক্ষার অধিকার আইন অনুসারে বেসরকারী বিদ্যালয়গুলিতে আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া পরিবারের ছাত্রছাত্রীদের জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষণ করার কথা থাকলেও একাংশ বিদ্যালয় এই নিয়ম উলঙ্ঘন করছে বলে অভিযোগ উঠেছিল । এর পরিপ্রেক্ষিতে গুয়াহাটির একটি স্বেচ্ছাসেবী সংগঠন গৌহাটি হাইকোর্টে একটি জনস্বার্থ জনিত আবেদন দাখিল করেছিল ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের খেল মহারনের দ্বিতীয় পর্ব আজ থেকে শুরু হচ্ছে । রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা , মীন ও পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ সকাল সাড়ে নটায় চান্দখিরা খেলার মাঠে খেল মহারন প্রতিযোগীতার  উদ্বোধন করবেন । আজ অ্যাথেলেটিক্স , ভলিবল ও কাবাডি প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । এছাড়া আগামীকাল ফুটবল ও স্বামী বিবেকানন্দ কলেজের সম্মেলন কক্ষে সকাল ১০টা থেকে দাবা প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । ১৯শে ডিসেম্বর মুন্ডমালা মাঠে  সকাল ৮টায় ফুটবল , সকাল সাড়ে সাতটায় সাইকেল র‍্যালী অনুষ্ঠিত হবে বলে জেলার অতিরিক্ত আয়ুক্ত জানিয়েছেন ।

---

প্রধানমন্ত্রী ন্যাশনেল ডায়ালাইসিস কার্য্যসূচীর অধীনে কাছাড় জেলার কাটিগড়া মডেল হাসপাতালে নতুন ডায়ালাইসিস সেন্টারের উদ্বোধন করা হয়েছে । উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ এবং জেলা আয়ুক্ত মৃদুল যাদব গতকাল যৌথভাবে এই ডায়ালাইসিস সেন্টারের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রীপুরকায়স্থ বলেন এই ডায়ালাইসিস সেন্টার শুধুমাত্র একটি পরিকাঠামো নয় , এটি কিডনী রোগীদের জন্য একটি জীবন রেখা । শ্রী পুরকায়স্থ আরো বলেন যে  সরকার প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা পৌছে দিতে অঙ্গীকারবদ্ধ । জেলা আয়ুক্ত শ্রী যাদব বলেন যে এখানে বিনামূল্যে ডায়লোসিস পরিষেবা প্রদান করা হবে । যা রোগী ও তার পরিবারের আর্থিক সংকট অনেকটা লাঘব করবে । সভায় বক্তব্য রাখতে গিয়ে যুগ্ম সঞ্চালক ডক্টর আশুতোষ কুমার বর্মন বলেন যে অ্যাপলো হাসপাতাল এন্টারপ্রাইজ লিমিটেডের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে এই কেন্দ্রটি পরিচালিত হবে । এখানে প্রতিদিন তিন

শিফটে নয়জন রোগীকে পরিষেবা প্রদান করা হবে ডক্টর বর্মন জানিয়েছেন ।

---

শিলচর পূর্ত বিভাগের সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচর প্রেমতলা পয়েন্ট থেকে চার্চ রোড পর্য্যন্ত মূখ্যমন্ত্রী পাকা পথ নির্মান প্রকল্পের অধীন সড়কের উভয় দিকে নর্দমা পরিষ্কারের জন্য আজ রাত দশটা থেকে আগামীকাল সকাল ৬টা পর্য্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে ।